

❏ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালাহীন)

হাদিস নাম্বারঃ ১২৪৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১২৩৯]

৮/ বিভিন্ন নেক আমলের ফযীলত প্রসঙ্গে (كتاب الفضائل)

পরিচ্ছেদঃ ২২২: সূর্যাস্তের সঙ্গে সঙ্গে দেরী না করে ইফতার করার ফযীলত, কোন খাদ্য দ্বারা ইফতার করবে ও তার পরের দো'আ

(222) بَابُ فَضْلِ تَعْجِيلِ الْفِطْرِ وَمَا يُفْطِرُ عَلَيْهِ وَمَا يَقُولُهُ بَعْدَ الْإِفْطَارِ

আরবী

وَعَنْ أَنَسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُفْطِرُ قَبْلَ أَنْ يُصَلِّيَ عَلَى رُطَبَاتٍ، فَإِنْ لَمْ تَكُنْ رُطَبَاتٌ فَتُمِيرَاتٌ، فَإِنْ لَمْ تَكُنْ تُمِيرَاتٌ حَسَا حَسَوَاتٍ مِنْ مَاءٍ. رَوَاهُ أَبُو دَاوُدَ وَالتِّرْمِذِيُّ، وَقَالَ: حَدِيثٌ حَسَنٌ

বাংলা

৭/১২৪৭। আনাস রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, 'রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নামায পড়ার আগে কতিপয় টাটকা পাকা খেজুর দিয়ে ইফতার করতেন। যদি টাটকা পাকা খেজুর না পেতেন, তাহলে শুকনো কয়েকটি খেজুর যোগে ইফতার করতেন। যদি শুকনো খেজুরও না হত, তাহলে কয়েক টোক পানি পান করতেন।' (আবু দাউদ, তিরমিযী হাসান)[1]

ইমাম নাওয়াবী শিরোনামায় দুর কথা উল্লেখ করেছেন, কিন্তু তার হাদিসটি উল্লেখ করেননি। হাদিসটি নিম্নরূপ:-

عَنْ ابْنِ عُمَرَ قَالَ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا أَفْطَرَ قَالَ: «ذَهَبَ الظَّمْأُ وَأَبْتَلَّتِ الْعُرُوقُ وَنَبَّتَ الْأَجْرُ إِنْ شَاءَ اللَّهُ». رَوَاهُ أَبُو دَاوُدَ

ইবনে উমার রাদিয়াল্লাহু আনহু কর্তৃক বর্ণিত, তিনি বলেন, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন ইফতার করতেন, তখন এই দো'আ বলতেন,

“যাহাবায় যামা-উ অবতাল্লাতিল উরুকু অষাবাতাল আজরু ইন শা-আল্লাহ।”

অর্থাৎ পিপাসা দূরীভূত হল, শিরা-উপশিরা সতেজ হল এবং ইন শাআল্লাহ সওয়াব সাব্যস্ত হল। (আবু দাউদ)

English

(222) Chapter: The Superiority of Hastening to Break the Fast, and the supplication to say upon Breaking it

Anas (May Allah be pleased with him) reported:

The Messenger of Allah (ﷺ) used to break his Saum (fasting) before performing Maghrib prayer with three fresh date-fruits; if there were no fresh date- fruits, he will eat three dry dates; and if there were no dry date- fruits; he would take three draughts of water.

[At- Tirmidhi].

Commentary: It is well to keep the priorities of things mentioned in the Hadith as one gets the reward of following the Sunnah in breaking his Saum.

ফুটনোট

[1] আবু দাউদ ২৩৫৬, তিরমিযী ৬৯৪, আহমাদ ১২২৬৫

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=26154>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন